

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.০১.০০.০০৩.২০১৩-৮৫

তারিখ: ০৭-০৫-২০২০ খ্রি:


বিষয়: জাতীয় পুষ্টি সেবা (এনএনএস) ওপির ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ (ট্যাবলেট আয়রণ ফলিক এসিড, ক্যালসিয়াম, ক্যালসিয়াম-ভিটামিন ডি, জিংক এবং এমএনপি) প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-এনএনএস/এইচপিএনএসপি/প্রকিউরমেন্ট প্ল্যান/২০১৯-২০২০/১০/৬৮৮, তারিখ: ২৪-০৩-২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টি সেবা (এনএনএস) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপির ২০১৯-২০২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের অর্থায়নে মাঠ পর্যায়ে ব্যবহারের জন্য বিভিন্ন মাইক্রোনিউট্রিয়েন্স (ট্যাবলেট আয়রণ ফলিক এসিড, ক্যালসিয়াম, ক্যালসিয়াম-ভিটামিন ডি, জিংক এবং এমএনপি) এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লি: (ইডিসিএল) হতে ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের লক্ষ্যে ৫ (পাঁচ)টি প্যাকেজের বিপরীতে প্রণীত মোট ১০৯৯.৬০ লক্ষ (দশ কোটি নিরানব্বই লক্ষ ষাট হাজার) টাকার প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত ক্যাপসুল ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৪ হতে ৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হতে পণ্য ক্রয় করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্য তালিকা অনুসরণ করতে হবে;
- (ঙ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
জাতীয় পুষ্টিসেবা (এনএনএস)  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)